

এক নিঝুম সন্ধ্যায়

যুথিকা বড়ুয়া

একলা ঘরে বিরহ পাড়ায় বিচরণ করে মন
স্মৃতির সব ধেয়ে এসে করে জ্বালাতন।
চুপটি করে বিভোর হয়ে বসে রোমন্বনে
হঠাৎ এক মাতাল হাওয়া কাঁপায় শিহরণে।
কল্পলোকে প্রবেশ করে জাগে পুলক নিখর বুকে
মোহাচ্ছন্ন কপট হাসি ছড়ায় বিমূঢ়-মলিন মুখে।
পাকা পিরিত কাঁচা হয়ে জোয়ান ভূতে ধরে
শুকনো বাগে গজিয়ে তরু গোলাপ টগর ঝরে।
জোৎস্না রাতে কলোতাণে সাজায় বাসর গহীন বনে
খুশীর স্রোতে হৃদয় ভাসে ইচ্ছা জাগরণে।
সুখ যেন এক বসন্তের হাওয়া মানে না নিয়ম-রীতি
সুযোগ পেলেই ধাওয়া করে জাগায় নিদারুণ এক কোমল অনুভূতি!
দ্বন্ধ-দ্বিধায় দুলে ওঠে মূর্ছা যায় তন
উচ্ছলতায় কম্পিত হয় অভিলাষী মন।
ফুল বাগিচায় ভ্রমর খ্যালে, চুষে খায় মৌ
দন্ধ দেহ শীতল করে প্রেম সুনামীর ঢেউ।
চমক ভাঞ্জে মেঘের ডাকে রাতের সুনীল আকাশ ঘিরে

মনময়ুরী দ্যাখে চেয়ে একা শয্যায় নীড়ে, নিবিড় অন্ধকারে!

শরমে তার বারি বারে রাঙা আঁখীর কোণে

ক্ষণিক রতন করে যতন রাখে সংগোপণে।

জানলো না কেউ দেখলো না কেউ পিরিত কাঁটার জখম

শুধু বন্ধ হয়ে স্মৃতির পাতায় থাকবে চির জনম।

যুথিকা বড়ুয়া - কানাডার টরন্ট প্রবাসী লেখিকা ও সঙ্গীত শিল্পী।

Jbarua1126@gmail.com

